# Medical Financial Assistance নীতির সারাংশ

রোগীদের যত্নের জন্য অর্থ প্রদানে সহায়তা করতে Kaiser Permanente-এর একটি Medical Financial Assistance (MFA) প্রোগ্রাম আছে। এটি ওষুধ সহ, Kaiser Permanente দ্বারা প্রদান করা প্রয়োজনীয় পরিচর্যার জন্য আপনার সমস্ত বা আংশিক খরচকে আওতাভুক্ত করতে পারে। সাহায্য পাওয়া নির্ভর করে আর্থিক প্রয়োজনের উপর যা নীচে বর্ণনা করা হয়েছে।

**কারা যোগ্য?**
যদি আপনার আয় স্বল্প হয়, ইনস্যুরেন্স না থেকে থাকে বা ইনস্যুরেন্স আওতার সীমা যথেষ্ট না হয় তবে আপনি যোগ্য হতে পারেন। সাধারণভাবে, আপনি আর্থিক সহায়তার জন্য যোগ্য হবেন:

- যদি আপনার পরিবারের আয় দারিদ্র্য সংক্রান্ত ফেডারাল গাইডলাইনের 300% বা তার কম হয়
- অথবা যদি আপনার আয়ের তুলনায় আপনার চিকিৎসার খরচ খুব বেশি হয়

**প্রোগ্রামটি কিসের জন্য অর্থ প্রদান করবে?**
MFA প্রোগ্রাম আপনাকে Kaiser Permanente দ্বারা প্রদত্ত প্রয়োজনীয় পরিচর্যার জন্য অর্থ প্রদান করতে সাহায্য করতে পারে। এর মধ্যে আছে আপৎকালীন এবং জরুরি পরিচর্যা এবং ফার্মেসি পরিষেবা। প্রোগ্রামটি সম্পূর্ণ বিল বা বিলের কিছু অংশকে আওতা দিতে পারে।

প্রোগ্রামটি নিম্নলিখিত বিষয়গুলির জন্য অর্থ প্রদান করবে না:

- চিকিৎসা সংক্রান্ত পরিবহন
- স্বাস্থ্যসেবার প্রিমিয়াম
- কসমেটিক সার্জারি, বন্ধ্যাত্ব সংক্রান্ত পরিচর্যা, বা সারোগেসি সম্পর্কিত খরচ
- Kaiser Permanente-এর বাইরে প্রদত্ত স্বাস্থ্যসেবা
- যে যত্নের চিকিৎসাগতভাবে প্রয়োজন ছিল না বলে Kaiser Permanente-এর একজন পরিষেবা প্রদানকারী সিদ্ধান্ত নিয়েছেন

সম্পূর্ণ তালিকার জন্য, kp.org/mfa-এ MFA পলিসি পড়ুন।

**আমি কীভাবে আবেদন করব?**
আপনি অনলাইনে, ডাকযোগে, ফ্যাক্স বা ব্যক্তিগত উপস্থিতিতে আবেদন করতে পারেন। আবেদন করার দ্রুততম উপায় হল kp.org/mfa-এ যাওয়া এবং আমাদের নিরাপদ অনলাইন আবেদনের একটি লিঙ্ক পেতে সাইন আপ করা। অনলাইন আবেদনটিতে আপনার যোগ্যতা নির্ধারণের জন্য পরপর কিছু প্রশ্ন জিজ্ঞাসা করা হবে।

এছাড়াও আপনি kp.org/mfa-এ একটি ব্ল্যাঙ্ক অ্যাপ্লিকেশন পেতে পারেন।

ভর্তি বা বিলিং প্রক্রিয়ার যেকোনো সময়ে আপনি আবেদন করতে পারেন। সাহায্য চাওয়ার জন্য আপনাকে বিলের জন্য অপেক্ষা করতে হবে না।

কিছু ক্ষেত্রে, MFA প্রোগ্রাম আপনাকে আবেদন করা ছাড়াই আপনার পরিচর্যার জন্য অর্থ প্রদান করতে সাহায্য করতে পারে।

আপনি যদি সাহায্যের জন্য যোগ্য হন, তাহলে আমরা আপনাকে পরিচর্যার জন্য সাধারণত বিল করা পরিমাণের (AGB) বেশি চার্জ করব না। AGB সংক্রান্ত আরও তথ্যের জন্য kp.org/mfa দেখুন।

**আবেদন করার জন্য আমার কী কী তথ্য প্রয়োজন হবে?**
আপনি যখন আবেদন করবেন তখন আপনাকে নিম্নলিখিত তথ্য জিজ্ঞাসা করা হবে:

- পরিবারের সকল প্রাপ্তবয়স্কদের জন্য পরিবারের আকার এবং আয়ের তথ্য
- স্বাস্থ্যসেবার খরচ, যদি জানা থাকে
- আয়ের প্রমাণ

আয়ের প্রমাণ প্রদান করলে সেটি, আপনি যোগ্য কিনা তা নির্ধারণ করতে আমাদের সাহায্য করে।



KAISER PERMANENTE®

*(সামনের পেজ থেকে চলছে)*

**আমার আবেদন অনুমোদিত হয়েছে কিনা তা আমি কখন জানতে পারব?**
আপনার আবেদন সম্পূর্ণ হলে, আমরা আপনাকে 30 টি কর্মদিবসের মধ্যে আমাদের সিদ্ধান্ত সহ একটি চিঠি পাঠাব। আমরা যদি আপনার অনুরোধ প্রত্যাখ্যান করি, সেক্ষেত্রে কীভাবে আপিল করতে হবে তার নির্দেশাবলী চিঠিতে অন্তর্ভুক্ত থাকবে।

আপনার আবেদনটি যদি অসম্পূর্ণ হয়, তাহলে আমরা আপনার সাথে যোগাযোগ করব। আমরা আপনাকে একটি তারিখ দেব যার মধ্যে আপনাকে বাদ পড়া তথ্য প্রদান করতে হবে। যদি আপনার আবেদন অসম্পূর্ণ থেকে যায়, তাহলে আপনি আর্থিক সাহায্য নাও পেতে পারেন।

**আমি আরও তথ্য কোথায় পেতে পারি?**
আপনি kp.org/mfa-এ আরও তথ্য ও MFA নীতি এবং আবেদনপত্র পেতে পারেন। স্ক্রিন রিডার অ্যাক্সেসযোগ্য ফরম্যাটে অনেক ভাষায় তথ্য পাওয়া যায়। এছাড়াও আপনি **1-844-412-0919** (TTY **711**) নম্বরে কল করতে পারেন।

## অন্যান্য আর্থিক সাহায্য

**স্বাস্থ্যসেবার জন্য অর্থ প্রদান করতে সহায়তা পান**
আপনার স্বাস্থ্যসেবা কভারেজ না থাকলে, Kaiser Permanente সাহায্য করতে পারে। আপনার বিকল্পগুলি সম্পর্কে আরও জানতে সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকাল 5টার মধ্যে **1-800-479-5764** (TTY **711**) এ কল করুন।

**জীবনযাত্রার খরচগুলির জন্য সহায়তা নিন**
অপরিহার্য বিষয়গুলি যেমন খাদ্য, আবাসন, ইন্টারনেট বা অন্যান্য ইউটিলিটিগুলির জন্য অর্থ প্রদান করতে এবং আরও অনেক কিছুর জন্য আপনার সাহায্যের প্রয়োজন হলে kp.org/socialhealth-এ যান। অথবা **1-800-443-6328** (TTY **711**)-এ, সোমবার থেকে শুক্রবার, 8 a.m. থেকে 5 p.m.পর্যন্ত কমিউনিটি সাপোর্ট হাবে কল করুন।

## MFA পলিসি, আবেদনপত্র এবং প্রোগ্রাম সংক্রান্ত তথ্যের কপি কীভাবে পাওয়া যেতে পারে

**অনলাইন**
kp.org/mfa

**ফোন**
**1-844-412-0919** (TTY **711**)-এ কল করুন

## আবেদন করার উপায়

**অনলাইনে আবেদন করুন**
kp.org/mfa

**এটি ফ্যাক্স করুন**
আপনার সম্পূর্ণ করা আবেদনটি 1-855-414-1713 নম্বরে ফ্যাক্স করুন

**এটি ডাকযোগে পাঠান**
আপনার সম্পূর্ণ করা আবেদনটি এখানে ডাকযোগে পাঠান:
Kaiser Permanente
MFA Program
2101 East Jefferson Street
Rockville, MD 20852

**জমা দিন**
আপনার পূরণ করা আবেদনটি যেকোনো Kaiser Permanente মেডিক্যাল সেন্টারে সদস্য পরিষেবায় জমা দিন।

©Kaiser Foundation Hospitals; Kaiser Foundation Health Plan of Mid-Atlantic States

# NOTICE OF LANGUAGE ASSISTANCE SERVICES

**English:** If you need help in your language, language assistance is available at no cost to you, 24 hours a day, 7 days a week (closed holidays). Call our Member Service Contact Center at 1-800-464-4000 (TTY 711) for help or visit any registration desk for more information at any Kaiser Permanente hospital, Monday through Friday, 8 a.m. to 5 p.m. Aids and services for people with disabilities, like documents in braille, large print, audio, and other accessible electronical formats are also available.

**Chinese：**如果您需要使用您的语言获得帮助，我们每周 7 天、每天 24 小时免费提供语言帮助（节假日休息）。请致电 1-800-464-4000 (TTY 711) 联络我们的会员服务联络中心以寻求帮助，或前往任何 Kaiser Permanente 医院的登记台了解更多信息，我们的服务时间为周一至周五上午 8 点至下午 5 点。我们还为残疾人提供辅助工具和服务，例如盲文、大字体、音频和其他无障碍电子格式的文档。

**Spanish:** Si necesita ayuda en su idioma, contamos con asistencia de idiomas sin costo alguno para usted las 24 horas del día, los 7 días de la semana (excepto los días festivos). Comuníquese con nuestra Central de Llamadas de Servicio a los Miembros al 1-800-464-4000 (TTY 711) para obtener ayuda. O visite el mostrador de recepción en cualquier hospital de Kaiser Permanente para obtener más información, de lunes a viernes, de 8 a. m. a 5 p. m. También ofrecemos ayudas y servicios para personas con discapacidades, como documentos en braille, letra grande, audio y otros formatos electrónicos accesibles.